



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
আগারগাঁও, শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭
www.lged.gov.bd



শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং-৪৬.০২.০০০০.৩২২.৯৯.০০১.০৯-৬৭২

তারিখঃ ২৭.০৪.২০২২ ইং

অফিস আদেশ

বিষয়ঃ দরপত্র মূল্যায়ন, অনুমোদন ও NOA ইস্যু পর্যায়ে অতিরিক্ত সময় ক্ষেপণ প্রসঙ্গে।

স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের আওতায় আহবানকৃত দরপত্রের মূল্যায়ন, অনুমোদন ও NOA ইস্যু পর্যায়ে পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর বিধি ৮(১৪) তফসিল-৩ এ উল্লিখিত নির্ধারিত সময়ের তুলনায় অতিরিক্ত বেশি সময় অতিবাহিত হওয়ার ফলে প্রকল্প বাস্তবায়নে সময় ক্ষেপণ এবং এলজিইডি'র ভাবমূর্তী ক্ষুণ্ণ হচ্ছে। যাহা কোন অবস্থায় কাংক্ষিত নহে। এ ধরনের গাফিলতি পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর পরিপন্থি এবং গুরুতর অনিয়ম। ইতোমধ্যে এ সংক্রান্ত দুটি জবাবদিহি মূলক সভা অনুষ্ঠিত হয়েছে। পিপিআর, ২০০৮ মোতাবেক নির্ধারিত সময়ের মধ্যে মূল্যায়ন, অনুমোদন ও NOA ইস্যুর বিষয়টি ত্রৈমাসিকভাবে মনিটরিং করা হবে।

এমতাবস্থায়, সকল ক্রয়কারী, মূল্যায়নকারী ও অনুমোদনকারীকে নির্ধারিত সময়ের মধ্যে ক্রয়কার্য সম্পন্ন করতে বলা হল। পরবর্তীতে এ জাতীয় অনিয়ম পাওয়া গেলে সংশ্লিষ্টদের বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা নেওয়া হবে।

(সেখ মোহাম্মদ মহসিন)

প্রধান প্রকৌশলী

ফোনঃ ০২-৫৮১৫২৮০২

ই-মেইলঃ ce@lged.gov.bd

তারিখঃ ২৭.০৪.২০২২ ইং

স্মারক নং-৪৬.০২.০০০০.৩২২.০৬.০০২(অংশ-১).০৮-৬৭২/১(৬)

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলোঃ

১. অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সকল), এলজিইডি।
২. তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল), এলজিইডি।
৩. প্রকল্প পরিচালক (সকল), এলজিইডি, সদর দপ্তর, ঢাকা।
৪. নির্বাহী প্রকৌশলী (সকল), এলজিইডি, জেলাঃ
৫. সিনিয়র সহকারী প্রকৌশলী (সকল), নির্বাহী প্রকৌশলীর দপ্তর, এলজিইডি, জেলাঃ
৬. উপজেলা প্রকৌশলী (সকল), এলজিইডি, উপজেলা, জেলাঃ

(মোঃ আব্দুস সাত্তার)

নির্বাহী প্রকৌশলী (প্রকিউরমেন্ট)

ফোনঃ ০২-৫৫০০৬৭৭৫

ই-মেইলঃ xen.procurement@lged.gov.bd